

গুচ্ছ ভর্তিতে বিভাগ পছন্দক্রম শুরু

জবি সংবাদদাতা

প্রকাশ : ২১ মে ২০২৪, ১৪:১৪



UNIBOTS

গুচ্ছভুক্ত দেশের ২৪টি বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য বিভাগ পছন্দক্রম শুরু হয়েছে।
সোমবার থেকে শুরু হওয়া পছন্দক্রম শেষ হবে আগামী ২৮ মে রাত ১১টা ৫৯ মিনিটে।



দৈনিক ইন্ডেক্সের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

নির্ধারিত ওয়েবসাইটে ঢুকে শিক্ষার্থীরা বিভাগের পছন্দক্রমের আবেদন করতে পারবেন। ওয়েবসাইটে আবেদনের গাইডলাইন হিসেবে একটি ভিডিও প্রকাশ করা হয়েছে। প্রতিটি বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে আবেদন ফি ৫০০ টাকা।

এবার গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোতে ২০ জুলাইয়ের মধ্যে প্রথম-বর্ষের শিক্ষার্থীদের সার্বিক ভর্তি কার্যক্রম সম্পন্ন করে আগামী পহেলা আগস্ট থেকে ক্লাস শুরুর কথা জানিয়েছে গুচ্ছ ভর্তি পরীক্ষা আয়োজক কমিটি।

প্রসঙ্গত, গত ১০ মে 'সি' ইউনিটের পরীক্ষার মধ্য দিয়ে টানা চতুর্থবারের মত আয়োজিত গুচ্ছ ভর্তি পরীক্ষা শেষ হয়। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য <https://gstadmission.ac.bd/> ওয়েবসাইটে পাওয়া যাবে।